



চাচাকে বাবা দেখিয়ে মুক্তিযোদ্ধা কোটায় চাকরি নেওয়া ইউএনওকে ওএসডি



সংগৃহীত ছবি

চাঁপাইনবাবগঞ্জের নাচোল উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. কামাল হোসেনকে তার বিরুদ্ধে অভিযোগ ওঠার পর বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি)

হিসেবে বদলি করা হয়েছে। বুধবার (৫ অক্টোবর) জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, কামাল হোসেন নিজের প্রকৃত বাবা-মা মো. আবুল কাশেম ও মোছা. হাবীয়া খাতুনের নাম ব্যবহার না করে, তার চাচা বীর মুক্তিযোদ্ধা মো. আহসান হাবীব এবং চাচি মোছা. সানোয়ারা খাতুনের নাম ব্যবহার করে ৩৫তম বিসিএসে অংশগ্রহণ করেন। এরপর তিনি মুক্তিযোদ্ধা কোটার সুবিধা নিয়ে প্রশাসন ক্যাডারে চাকরি পেয়েছিলেন।

গত বছরের ২৬ ডিসেম্বর দুর্নীতি দমন কমিশনের (দুদক) ঢাকা-১ জেলা কার্যালয়ের উপসহকারী পরিচালক মো. মনজুরুল ইসলাম মিন্টু মামলা দায়ের করেন। মামলায় কামাল হোসেনের বিরুদ্ধে জালিয়াতি ও প্রতারণার অভিযোগ তোলা হয়।

এরপর মঙ্গলবার, মামলার প্রেক্ষিতে দুদক ডিএনএ পরীক্ষার মাধ্যমে প্রকৃত জন্মদাতা পিতা-মাতা শনাক্তের সিদ্ধান্ত নেন। একদিনের মধ্যেই জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে তাকে ওএসডি হিসেবে দায়িত্ব থেকে সরানো হয়।